



# দুর্নীতি দমন কমিশন

## ঢাকা, বাংলাদেশ

“সবাই মিলে গড়ব দেশ,  
দুর্নীতি মুক্ত বাংলাদেশ”

স্মারক নং- দুর্দক/প্রতিরোধ/কার্যক্রম/০১/১৫/

১০৫২(২০০)

তাং-১২/২/২০১৭ খ্রি.

বিষয়: সততা সংঘের দুর্নীতিবিরোধী মানববন্ধন।

দুর্নীতি দমন কমিশন আইন ২০০৪ এর ১৭ (ট) ধারা অনুযায়ী দুর্নীতি প্রতিরোধে তরুণ প্রজন্মের মাঝে সততা ও নিষ্ঠাবোধ সৃষ্টি করা এবং দুর্নীতির বিরুদ্ধে জনসচেতনতা গড়ে তোলার লক্ষ্যে ইতোমধ্যে সমাজের সং ও নিষ্ঠাবান ব্যক্তিদের নিয়ে “দুর্নীতি প্রতিরোধ কমিটি” ও দেশব্যাপী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের নিয়ে “সততা সংঘ” গঠিত হয়েছে। ছাত্র-ছাত্রীদের মাঝে নৈতিকতা ও সততা চর্চার লক্ষ্যে নিয়মিত সততা শিক্ষা ও এর প্রয়োগ আবশ্যিক মর্মে কমিশনের নিকট প্রতীয়মান হয়েছে। ছাত্র-ছাত্রীদের ব্যক্তিগত জীবনে সং থাকা এবং অন্যান্য সহপাঠীদের মাঝে সং থাকার চেতনা সৃষ্টি, নৈতিক চরিত্র গঠন ও দেশপ্রেমে উদ্ভুদ্ধ হয়ে সুনামগরিক হিসেবে গড়ে উঠার লক্ষ্যে এ সকল ছাত্র-ছাত্রী নানাবিধ কার্যক্রমে অংশগ্রহণ করছে। তৎপ্রেক্ষিতে, দেশের প্রতিটি জেলার জেলা প্রশাসক মনোনীত যে কোন একটি উপজেলায় কমিশন কর্তৃক গঠিত “দুর্নীতি প্রতিরোধ কমিটি” এর সদস্যবৃন্দ, “সততা সংঘ” এর সদস্যসহ ঐ উপজেলার সকল ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে একটি মানববন্ধন করা হলে জনসচেতনতা বৃদ্ধি পাবে।

২। এ প্রেক্ষাপটে আগামী ১০ মার্চ ২০১৭ তারিখ রোজ শুক্রবার সকাল ১০.০০-১১.০০ ঘটিকা পর্যন্ত সংশ্লিষ্ট মহানগর/জেলা ও উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি ও সততা সংঘের সহযোগিতায় জেলা প্রশাসক মনোনীত যে কোন একটি উপজেলার উচ্চ বিদ্যালয় ও মাদ্রাসার ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণির ছাত্র-ছাত্রীদের সমন্বয়ে সমগ্র উপজেলার প্রধান সড়কের দু’পাশে মানববন্ধন আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এছাড়া, উক্ত দুর্নীতিবিরোধী মানববন্ধনে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকমণ্ডলী, ছাত্র-ছাত্রী, দুর্নীতি প্রতিরোধ কমিটির সদস্যবৃন্দ, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও জনপ্রতিনিধিগণ উপস্থিত থাকবেন মর্মে কমিশন আশা করে। মানববন্ধনে অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের হাতে বিভিন্ন রং এর ফিতা, বেলুন ও দুর্নীতিবিরোধী শ্লোগান সম্বলিত প্রেকার্ড থাকবে। মানববন্ধন শেষে ছাত্র-ছাত্রীদের জন্য হালকা নাস্তা ও পানির ব্যবস্থা থাকবে। মানববন্ধন অনুষ্ঠান আয়োজনের ব্যয় নির্বাহের লক্ষ্যে ২০১৬-২০১৭ অর্থবছরের দুর্দকের কমিটি/মিটিং খাতে (কোড নং- ২-৬৭০১-০০০১-৪৮৯৫) ইতোমধ্যেই প্রতিটি জেলার জন্য ১,০০,০০০/- টাকা হারে সর্বমোট ৬৪,০০,০০০/- (চৌষট্টি লক্ষ) টাকা বরাদ্দ করা হয়েছে, যা সংশ্লিষ্ট জেলা প্রশাসকের পরামর্শক্রমে ব্যয়িত হবে।

৩। এমতাবস্থায়, আগামী ১০ মার্চ ২০১৭ তারিখ রোজ শুক্রবার সকাল ১০.০০-১১.০০ ঘটিকা পর্যন্ত সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক মনোনীত যে কোন একটি উপজেলায় সংশ্লিষ্ট মহানগর/জেলা ও উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সদস্যবৃন্দ ও সততা সংঘ এর সদস্যসহ ঐ উপজেলার সকল ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে মানববন্ধন আয়োজনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ’ল।

সংযুক্তি: মানববন্ধনের অনুষ্ঠানসূচি- ০১ (এক) পাতা।

উপপরিচালক (সকল)  
দুর্নীতি দমন কমিশন  
সমন্বিত জেলা কার্যালয়

(আবু মোঃ মোস্তফা কামাল)

সচিব

ফোন: ৯৩৬০১১০

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক (প্রশাসন), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
২. পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/খুলনা।
৩. জেলা প্রশাসক (সকল)----- (উল্লিখিত বিষয়ে সংশ্লিষ্ট উপপরিচালককে সর্বাঙ্গিক সহযোগিতা ও বিষয়টি তত্ত্বাবধান করার অনুরোধসহ)।
- ✓ ৪. সিস্টেম এনালিস্ট, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. চেয়ারম্যান- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৬. কমিশনার অনুসন্ধান/তদন্ত -এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় কমিশনার অনুসন্ধান/তদন্ত মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।

